



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।


(ক) ইউজিসি গবেষণা/শিক্ষা সহায়ক তহবিল থেকে আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ-এ অংশগ্রহণ এবং উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য বিদেশে যাতায়াত খরচ বাবদ আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০১৭


উচ্চ শিক্ষা/গবেষণায় উৎসাহ ও সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গবেষণা/শিক্ষা সহায়ক তহবিল থেকে কয়েকটি বিষয়ে অনুদান প্রদান করা হয়। তন্মধ্যে আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ-এ অংশগ্রহণ এবং উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য বিদেশে যাতায়াত খরচ বাবদ অনুদান প্রদান করা হয়।


আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ-এ অংশগ্রহণ এবং উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য বিদেশে যাতায়াত খরচ বাবদ অনুদান প্রাপ্তির শর্তাবলী :


- ১। প্রোগ্রামে অংশগ্রহণের পর এক মাসের মধ্যে কমিশনের নির্ধারিত ছকে আবেদন করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, প্রোগ্রামে যোগদানের প্রমাণপত্র স্বরূপ:
ক) আমন্ত্রণপত্র (খ) অংশগ্রহণের সার্টিফিকেট (গ) ভিসা (ঘ) বিমান টিকেট (ঙ) বোর্ডিং পাস আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ২। পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ এ অনুদান প্রাপ্তির যোগ্য হবেন। তবে কমিশন কর্তৃপক্ষের সুপারিশক্রমে কমিশন কর্তৃপক্ষ এবং প্রথম শ্রেণীর কর্মকর্তারা আবেদন করতে পারবেন। পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য বিদেশে যাওয়ার ক্ষেত্রে অন্য কোন উৎস থেকে যাতায়াত খরচ বাবদ কোন অনুদান না পেলে অংশগ্রহণকারীকে যাতায়াতের আংশিক খরচ বাবদ শিক্ষা সহায়ক তহবিল থেকে এ নীতিমালার আওতায় (৭) নং ক্রমিক -এ বর্ণিত হারে অনুদান প্রদান করা যেতে পারে।
- ৩। আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ-এ প্রবন্ধ উপস্থাপন, অধিবেশনে সভাপতিত্বকরণ বা প্যানেল আলোচক হিসেবে কেবলমাত্র বিদেশে যাতায়াত খরচ বাবদ এ নীতিমালার আওতায় অনুদান প্রদান করা যাবে।
- ৪। নির্ধারিত প্রোগ্রামের উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক যাতায়াত খরচ প্রাপ্ত হলে অথবা পাওয়ার নিশ্চয়তা পেলে এ তহবিল থেকে তিনি কোন প্রকার আর্থিক সহায়তা পাবেন না। তবে উদ্যোক্তা প্রতিষ্ঠান বা অন্য কোন উৎস থেকে শুধুমাত্র One-way ticket প্রাপ্ত হলে, নির্ধারিত প্রোগ্রামে অংশগ্রহণের জন্য এ নীতিমালার ক্রমিক ৭ নং-এ বর্ণিত হারের ৫০% আর্থিক অনুদান প্রদান করা যেতে পারে।
- ৫। কোন শিক্ষক/গবেষক ইতোপূর্বে এ তহবিল থেকে আর্থিক অনুদান পেয়ে থাকলে পরবর্তী ২ (দুই) বছর অর্থাৎ ২৪ (মাস) সময় অতিক্রান্ত না হলে তাঁর আবেদনপত্র বিবেচনা করা যাবে না।
- ৬। রেজিস্ট্রেশন ফি, থাকা-খাওয়া খরচ, স্থানীয় ভ্রমণ এবং দেশীয় বা আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য এ তহবিল থেকে কোন প্রকার অনুদান প্রদান করা হয় না।
- ৭। নির্ধারিত প্রোগ্রামে যাতায়াত খরচের জন্য অনুদানের পরিমাণ নিম্নরূপে বিন্যস্ত করা হলোঃ


মহাদেশ	দেশসমূহ	টাকার পরিমাণ
এশিয়া মহাদেশ	(ক) ভারত	৩০,০০০/- (ত্রিশ হাজার)
	(খ) পাকিস্তান, নেপাল, শ্রীলংকা, ভূটান, মালদ্বীপ, আফগানিস্তান, মায়ানমার, থাইল্যান্ড, সিংগাপুর, ফিলিপাইন, মালয়েশিয়া, ইন্দোনেশিয়াসহ অন্যান্য দেশসমূহ।	৩০,০০০/- (ত্রিশ হাজার)
	(গ) চীন, জাপান, কোরিয়া, তাজিকিস্তান, উজবেকিস্তান, ইরান, হংকং, ভিয়েতনাম, সৌদি আরব, দুবাই, কুয়েত, কাতার, ওমান ও মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ।	৪০,০০০/- (চল্লিশ হাজার)
আফ্রিকা মহাদেশ	মিশর, আলজেরিয়া, মরক্কো, সুদান, লিবিয়া, সিরিয়া, জাম্বিয়া, মালয়েশিয়াসহ অন্যান্য দেশসমূহ।	৪০,০০০/- (চল্লিশ হাজার)
অস্ট্রেলিয়া মহাদেশ	অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ফিজি, পাপুয়া নিউ গিনি সহ অন্যান্য দেশসমূহ।	৪০,০০০/- (চল্লিশ হাজার)
ইউরোপ মহাদেশ	ফ্রান্স, জার্মানী, সুইজারল্যান্ড, ইতালী, নেদারল্যান্ড, অস্ট্রিয়া, স্পেন, ইউকে, ডেনমার্ক, সুইডেন, নরওয়ে, তুরস্ক, ফিনল্যান্ড, রাশিয়া, পোল্যান্ড ও পূর্ব ইউরোপীয়সহ অন্যান্য দেশসমূহ।	৫০,০০০/- (পঞ্চাশ হাজার)
আমেরিকা মহাদেশ	যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো, আর্জেন্টিনা, ব্রাজিলসহ অন্যান্য দেশসমূহ।	৫০,০০০/- (পঞ্চাশ হাজার)



ড. দুর্গা রানী সরকার
উপ-পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
এবং
সদস্য-সচিব
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭
প্রণয়ন কমিটি
ইউজিসি, ঢাকা।


মো: সাইফুদ্দীন আলম
পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
এবং
সদস্য
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭
প্রণয়ন কমিটি
ইউজিসি, ঢাকা।


প্রফেসর ড. এম. শাহ মওয়াজ আলী
সদস্য, ইউজিসি
এবং
সদস্য
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭
প্রণয়ন কমিটি
ইউজিসি, ঢাকা।


প্রফেসর ড. দিল আফরোজা বেগম
সদস্য, ইউজিসি
এবং
সদস্য
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭
প্রণয়ন কমিটি
ইউজিসি, ঢাকা।


প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা
সদস্য, ইউজিসি
এবং
সদস্য
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭
প্রণয়ন কমিটি
ইউজিসি, ঢাকা।


প্রফেসর আবদুল মান্নান
চেয়ারম্যান, ইউজিসি
এবং
আস্থায়ক
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭
প্রণয়ন কমিটি
ইউজিসি, ঢাকা।



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্লট নং ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা (ক)

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ-এ অংশগ্রহণের জন্য আর্থিক অনুদান প্রাপ্তির আবেদন ফরম (২০১৭)।

ইউজিসি গবেষণা/শিক্ষা সহায়ক তহবিল থেকে কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ-এ অংশগ্রহণের নিমিত্তে বিদেশে যাতায়াত খরচ বাবদ আর্থিক অনুদান প্রাপ্তির নির্ধারিত আবেদন ফরম।

বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ-এ যোগদানের ক্ষেত্রে আর্থিক অনুদান প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত তথ্যগুলো যথাযথভাবে পূরণ করতে হবে :

১.	আবেদনকারীর পুরো নাম (বাংলায়) : (ইংরেজিতে- ব্লক লেটার) :	
২.	আবেদনকারীর টেলিফোন নম্বর : মোবাইল নম্বর : ই-মেইল এড্রেস :	
৩.	পদবী : বিভাগ/ইন্সটিটিউশন :	
৪.	বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা :	
৫.	কোন প্রোগ্রামে যাতায়াতের জন্য অনুদান চাওয়া হচ্ছে তার সুনির্দিষ্ট বিবরণ : ক. কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/ ওয়ার্কশপ : খ. স্থান ও দেশের নাম উল্লেখ করতে হবে : (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন)	
৬.	আবেদনকারীর চাহিত যাতায়াত খরচ বাবদ আর্থিক অনুদানের পরিমাণ (অংকে এবং কথায়) উল্লেখ করতে হবে:	
৭.	প্রোগ্রাম/অনুষ্ঠানের সুনির্দিষ্ট তারিখ : ক. অংশগ্রহণের সার্টিফিকেট : খ. ভিসা : গ. বিমান টিকেট : ঘ. বর্ডিং পাস :	
৮.	উদ্যোক্তা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (দেশসহ) :	

[Handwritten mark]

[Handwritten signature]

[Handwritten signature]

৯.	উদ্যোক্তা প্রতিষ্ঠানের উদ্যোগে অনুষ্ঠিত অনুষ্ঠানে উপস্থাপিত আবেদনকারীর গবেষণাপত্র/প্রবন্ধ এর Acceptance Letter এবং সারাংশের কপি সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে) :
১০.	উদ্যোক্তা প্রতিষ্ঠান হতে প্রদত্ত আমন্ত্রণপত্রের কপি সংযুক্ত করতে হবে :
১১.	উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত সুযোগ-সুবিধা/আর্থিক অনুদানের সার্বিক বিবরণ প্রমাণপত্র সংযুক্ত করতে হবে। আর্থিক অনুদান পাওয়া বা না পাওয়া সাপেক্ষে উভয় ক্ষেত্রে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে :
১২.	আবেদনকারী নিজ বিশ্ববিদ্যালয় অথবা বিভাগ বা প্রতিষ্ঠান কর্তৃক বা অন্য কোন প্রতিষ্ঠান হতে এ উদ্দেশ্যে কোন প্রকার আর্থিক অনুদান পেয়ে থাকলে তার তথ্য সংযুক্ত করতে হবে :
১৩.	ইতোপূর্বে আবেদনকারী বিদেশে যাতায়াতের জন্য কমিশন থেকে কোন প্রকার আর্থিক অনুদান পেয়ে থাকলে তার - ক. তারিখ : খ. প্রাপ্তির ধরণ : গ. দেশের নাম : ঘ. অনুমোদিত টাকার পরিমাণ : ঙ. কমিশন কর্তৃক প্রদত্ত অনুদানপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে :
১৪.	কমিশন কর্তৃক অনুমোদিত কোন গবেষণা প্রকল্প, এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল কাজের সাথে আবেদনকারী জড়িত থাকলে তার সঠিক তথ্যসহ সময়কাল উল্লেখ করতে হবে :
১৫.	কমিশন হতে আবেদনকারীর জন্য আর্থিক সাহায্য মঞ্জুর করা হলে মঞ্জুরকৃত অর্থের চেকটি যে নামে ইস্যু করা হবে এবং যে ঠিকানায় পাঠাতে হবে তার সঠিক তথ্য ডানদিকে প্রদান করতে হবে :

বিশেষ দৃষ্টব্যঃ

- ক) আবেদনপত্র অবশ্যই কমিশনের নির্ধারিত ফরম অনুযায়ী যথাযথভাবে পূরণ করতে হবে;
- খ) প্রোগ্রাম সমাপ্তির সর্বোচ্চ ০১ (এক) মাসের মধ্যে আবেদন করতে হবে :
- গ) আবেদনপত্র সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধানের মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের সুপারিশসহ রেজিস্ট্রার কর্তৃক কমিশন অফিসে প্রেরণ করতে হবে।
- ঘ) কোন শিক্ষক/গবেষক ইতোপূর্বে এ তহবিল হতে কোন প্রকার আর্থিক অনুদান পেয়ে থাকলে পরবর্তী ০২ (দুই) বছর অর্থাৎ ২৪ মাস সময় অতিক্রান্ত না হলে তাঁর আবেদনপত্র বিবেচনা করা যাবে না।

সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সুপারিশসহ স্বাক্ষর ও সীল

আবেদনকারীর স্বাক্ষর ও সীল